

ভারতের আকাশ থেকে ফিরে এল বিমানের টরন্টো ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 15 May, 2024



ঢাকা: যান্ত্রিক ত্রুটির কারণে ভারতের আকাশ থেকে দেশে ফিরে এসেছে হজরত শাহজালাল বিমানবন্দর থেকে ছেড়ে যাওয়া বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট। ফ্লাইটে মোট ২৮৪ যাত্রী ছিল। তাদের সবাই নিরাপদে রয়েছেন।

বিমানবন্দর সূত্র জানায়, বিমানের টরন্টো ফ্লাইটটি (বিজি-৩০৫) ভোর ৪টা ২ মিনিটে প্রথমে ঢাকা থেকে তুরস্কের ইস্তাম্বুলের উদ্দেশ্যে উড্ডয়ন করে। ইস্তাম্বুল থেকে তেল নিয়ে ফ্লাইটটি টরন্টো যেত। তবে ভারতের লখনৌর আকাশে যান্ত্রিক ত্রুটি দেখা দিলে পাইলট দেশে ফেরার সিদ্ধান্ত নেন। সকাল পৌনে ৭টার দিকে ফ্লাইটটি ঢাকায় জরুরি অবতরণ করে।

পরবর্তীতে সকাল ১১টায় যাত্রীদের নিয়ে ফ্লাইটটি ফের ইস্তাম্বুলের উদ্দেশ্যে রওনা হয়। নির্ধারিত সময়ে ইস্তাম্বুলে অবতরণ করে কানাডার টরন্টোর উদ্দেশ্যে রওনা দেয় বিমান।

জরুরি অবতরণের বিষয়টি নিশ্চিত করে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্বাহী পরিচালক গুপ ক্যাপ্টেন কামরুল ইসলাম বলেন, জরুরি অবতরণের কিছুক্ষণ পরই বিষয়টির সমাধান করা হয়েছে। এরপর ফ্লাইটটি আবার কানাডার উদ্দেশ্যে রওনা হয়েছে।

-B